



বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন  
বিটিএমসি ভবন  
৭-৯, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

সূত্র নং-২৪.০৩.০০০০.১০১.৪০.১০৬.১৩.৩৫

তারিখঃ ০৩.০৬.১৪৩১ বঙ্গাব্দ  
১৮.০৯.২০২৫ খ্রিষ্টাব্দ

টাঙ্গাইল কটন মিলস লি: এর অতিরিক্ত উদ্বৃত্ত  
জমি বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি


বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি), বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা কর্তৃক টাঙ্গাইল কটন মিলস লি:, গোড়াই, মির্জাপুর, টাঙ্গাইল, এর অতিরিক্ত/উদ্বৃত্ত জমি “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান ও দেশী/বিদেশী বিনিয়োগকারীদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র দলিল প্রতি সেট ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র (অফেরৎযোগ্য) মূল্যে (১) প্রশাসন-২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-৭১৭, ভবন নং-৬ (৮ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) প্রধান হিসাব রক্ষক, বিটিএমসি, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এবং (৪) টাঙ্গাইল কটন মিলস লি:, গোড়াই, মির্জাপুর, টাঙ্গাইল হতে ১৯-১০-২০২৫ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে।

দরপত্র (১) প্রশাসন-২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-৭১৭, ভবন নং-৬ (৮ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) উন্নয়ন বিভাগ, বিটিএমসি, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এবং (৪) টাঙ্গাইল কটন মিলস লি:, গোড়াই, মির্জাপুর, টাঙ্গাইল এ রক্ষিত টেন্ডার বাজে দাখিলের শেষ সময় ২০-১০-২০২৫ তারিখ বেলা ১২-০০ ঘটিকা। একই দিনে বেলা ১২-৩০ ঘটিকায় উল্লিখিত সকল স্থানেই উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে এবং ২১.১০.২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকায় বিটিএমসি ভবন, ২য় তলা, সম্মেলন কক্ষে উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) সীলমোহরকৃত দরপত্র খাম খোলা হবে।

দরপত্রের সঙ্গে জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) টাকা বিটিএমসি'র অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ অথবা তাদের বৈধ প্রতিনিধিগণ দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও তফসিল দরপত্রের সিডিউলের সঙ্গে পাওয়া যাবে। যথাযথ জামানত ছাড়া দরপত্র দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।

বিটিএমসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ এবং যে কোন বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
(কাজী ফিরোজ হোসেন)  
মুখ্য পরিচালন কর্মকর্তা  
বিটিএমসি, ঢাকা।